"আমাদের লক্ষ্য
অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ"

"জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয় : ১৩৭/এ, সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

## অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : প্রকৌ. খায়েজ আহম্মদ মজুমদার |
| তারিখ | : ২৯-০৯-২০২০ |
| স্থান | : প্রধান কার্যালয়স্থ সভাকক্ষ |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

সভার শুরুতে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত কেজিডিসিএল-এ অংশীজন (Stakeholder) তথা আবাসিক-বাণিজ্যিক-শিল্পসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক প্রতিনিধিদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি স্বাগত বক্তব্যে বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী পরিকল্পনায় ক্ষুধা-দারিদ্র মুক্ত সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ অনুযায়ী দেশের সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তদালোকে কেজিডিসিএল গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে এ সভার আয়োজন করা হয়। সভায় উপস্থিত সকল পর্যায়ের প্রতিনিধিগণকে কোম্পানির দাপ্তরিক কাজের গতিশীলতা, গ্যাসের সাশ্রয়ী ব্যবহার, এর অপচয় ও অবৈধ ব্যবহার রোধ, গ্যাস সংযোগ প্রক্রিয়া, সেবার মান বৃদ্ধিকরণ ইত্যাদি বিষয়ে উপস্থিত সকলের মতামত কামনা করেন।

১.০ আলোচনা :

১.১ সভার শুরুতে আবাসিক গ্রাহক প্রতিনিধি বৈশ্বিক মহামারী করোনাকালীন সময়ে চট্টগ্রাম অঞ্চলে নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহ অব্যাহত রাখায় কেজিডিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় আবাসিক গ্রাহক স্থিত আবাসিক ভবনের বর্ধিতাংশে গ্যাস সংযোগ না থাকায় বাসা ভাড়া হচ্ছে না, ফলে তাঁদের ব্যাংক ঋণ খেলাপি হওয়াসহ বিভিন্নভাবে আর্থিক ক্ষতির বিষয়টি তুলে ধরেন। তিনি আবাসিক ভবনে বর্ধিত গ্যাস সংযোগ চালু করার আহ্বান জানান।

১.২ আফতাব অটোমোবাইল প্রতিনিধি আলোচনায় উল্লেখ করেন-আরএলএনজি কেজিডিসিএল বিতরণ নেটওয়ার্কে সংযুক্ত হওয়ার পর থেকে গ্যাসের চাপ বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন গ্যাস সরবরাহের জন্য সরকার এবং কেজিডিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তবে অভ্যন্তরিন গ্যাস সরবরাহ লাইনে চাপ বৃদ্ধি পাওয়ায় প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ এর বিষয়ে গুরুত্বারোপ করেন।

১.৩ বে-ভিউ সিএনজি ফিলিং স্টেশন প্রতিনিধি আলোচনায় বলেন বর্তমানে সিএনজি ফিলিং স্টেশন গ্যাস সরবরাহের কোন সমস্যা নেই। স্টেশন আঙ্গিনায় যেকোন সমস্যা দেখা দিলে কেজিডিসিএল কর্তৃপক্ষ দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে থাকে বিধায় কেজিডিসিএল এর কার্যক্রমের ওপর সন্তোষ প্রকাশ করেন। তবে জানমালের নিরাপত্তার স্বার্থে যানবাহনে গ্যাস রি-ফুয়েলিং এর সময় যাত্রীগণ গাড়ি থেকে নেমে নিরাপদ দূরত্ব বজায় রাখার ব্যাপারে জনসচেতনতা সৃষ্টির জন্য কেজিডিসিএল কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন।

১.৪ লিন্ডে বাংলাদেশ লি. এর প্রতিনিধি আলোচনায় গ্যাসভোগের বিপরীতে জারিকৃত বিল দ্রুততম সময়ে গ্রাহক পর্যায়ে পৌঁছানো ও কেজিডিসিএল ওয়েবসাইটে ড্রাফট বিল দেখে গ্রাহকগণ যেন অন-লাইন পেমেন্ট সিস্টেমে বিল পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারে সে বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করেন।

১.৫ পাহাড়তলী টেক্সটাইল এন্ড হোসিয়ারী মিলস লি. প্রতিনিধি সভায় বলেন গ্যাস সরবরাহ সংক্রান্ত কোন সমস্যা এখন নেই। তবে তাঁদের আঙ্গিনায় স্থাপিত ইভিসি মিটারে সমস্যা দেখা দেয়ায় টারবাইন মিটারের রিডিং অনুযায়ী বিল পরিশোধের বিষয়টি সভার সভাপতির নজরে আনেন। তিনি সভায় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন যে, আকস্মিক গ্যাস সরবরাহ বন্ধ হলে প্রতিষ্ঠানের উৎপাদন প্রক্রিয়া ও যন্ত্রপাতির ক্ষতি সাধন হয় বিধায় গ্যাস সরবরাহ বন্ধের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা এলাকার দায়িত্বশীল প্রতিনিধিবর্গকে মোবাইল SMS/e-mail এর মাধ্যমে জানানোর পরামর্শ প্রদান করেন।

১.৬ সভায় মেসার্স ইন্ডাস্ট্রিয়াল হ্যান্ড প্রোটেকশন লিঃ, ব্রাইটেক্স এ্যাপারেলস্ লি., উইং ওয়াশিং প্ল্যান্ট, মেসার্স কনফিডেন্স সল্ট লি., রিজেন্ট স্পিনিং লি., সিভিও পেট্রোকেমিক্যাল রিফাইনারী লিমিটেড প্রতিনিধিগণও আলোচনায় অংশগ্রহণ করেন। বৈশ্বিক মহামারী করোনাকালীন সময়ে গ্রাহকসেবা কার্যক্রম নিরবচ্ছিন্ন রাখায় কেজিডিসিএল কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ সময়ে রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠানসমূহের আর্থিক ক্ষতির বিষয় তাঁদের বক্তব্যে তুলে ধরেন এবং করোনাকালীন সময়ে ক্ষতির বিষয়টি বিবেচনা করে অপরিশোধিত গ্যাস বিলের উপর আরোপিত সারচার্জ হতে তিন মাসের সারচার্জ মওকুফের আহ্বান করেন।

২.০ <u>সিদ্ধান্ত</u> :

২.১ সরকারি সিদ্ধান্ত পাওয়া সাপেক্ষে আবাসিক ভবনে বর্ধিত গ্যাস সংযোগ চালু করা হবে।

২.২ গ্যাস সরবরাহ লাইনে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান আছে। বর্তমানে কোম্পানিতে বিশেষ টিমের মাধ্যমে গ্রাহক আঙ্গিনা পরিদর্শনপূর্বক অভ্যন্তরিন গ্যাস লাইন পরীক্ষা-নিরীক্ষার কাজ অব্যাহত রাখা হয়েছে। উপরোক্ত টিমসমূহ প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পন্ন করেন।

২.৩ জানমালের নিরাপত্তার স্বার্থে যানবাহনে গ্যাস রি-ফুয়েলিং এর সময় যাত্রীগণ গাড়ি থেকে নেমে নিরাপদ দূরত্ব বজায় রাখার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির জন্য স্ব-স্ব রি-ফুয়েলিং স্টেশন কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেয়া হয়।

২.৪ গ্যাসভোগের বিপরীতে জারিকৃত বিল দ্রুততম সময়ে পরিশোধের লক্ষ্যে গ্রাহক বরাবরে ই-মেইলে বিল প্রেরণ কার্যক্রম শুরু হয়েছে। সকল গ্রাহকদের ই-মেইল আইডি প্রাপ্তি সাপেক্ষে পর্যায়ক্রমে শতভাগ ই-মেইলে বিল প্রেরণ বাস্তবায়ন করা হবে। বর্তমানে কেজিডিসিএল-এ অন-লাইন বিলিং কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।

২.৫ সাময়িকভাবে গ্যাস সরবরাহ বন্ধ রাখার প্রয়োজন হলে পত্র পত্রিকায় বিজ্ঞপ্তি ও মাইকিং এর মাধ্যমে এলাকা/স্থাপনা পর্যায়ে গ্রাহকদের জানানো হয়। তবে সড়ক ও জনপথ বিভাগ, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম ওয়াসাসহ বিভিন্ন সংস্থা কর্তৃক রাস্তা-নালা সংস্কার/উন্নয়ন কাজ চলাকালে গ্যাস সরবরাহ লাইনে ক্ষতি সাধিত হলে জানমালের নিরাপত্তার স্বার্থে আকস্মিকভাবে গ্যাস সরবরাহ বন্ধ রাখতে হয়। যা জনস্বার্থে তাৎক্ষণিকভাবে মিডিয়াকে অবহিত করা হয়। এরূপ পরিস্থিতিতে গ্যাস সরবরাহ বন্ধের বিষয়টি পূর্ব ঘোষণা দেয়ার অবকাশ থাকে না।

২.৬ সারচার্জ মওকুফের বিষয়ে বিদ্যমান গ্যাস বিপণন নিয়মাবলী'র আলোকে ব্যবস্থা নেয়া হবে।

আবাসিক-বাণিজ্যিক-শিল্পসহ বিভিন্ন শ্রেণির গ্রাহক প্রতিনিধিদের আমদানীকৃত মূল্যবান গ্যাসের অপচয় ও অবৈধ ব্যবহার পরিহার করাসহ এতদ্‌সংশ্লিষ্ট সকল প্রকার অবৈধ কার্যকলাপ হতে বিরত থাকার গুরুত্ব তুলে ধরে সভায় কেজিডিসিএল কর্তৃপক্ষ বক্তব্য উপস্থাপন করেন এবং অবৈধভাবে গ্যাস ব্যবহারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণে উপস্থিত সম্মানিত অংশীজন (Stakeholder)-দের সহযোগিতা কামনা করেন। সভায় গ্রাহক/প্রতিষ্ঠানের বয়লার, বিস্ফোরক, বিইআরসি ইত্যাদি লাইসেন্সসমূহ সংগ্রহ/নবায়নের বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করা হয়, সভায় উপস্থিত অংশীজন (Stakeholder)গণ কেজিডিসিএল কর্তৃপক্ষকে গ্যাস সংক্রান্ত সার্বিক বিষয়ে সহযোগিতা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে আশ্বাস প্রদান করেন।

পরিশেষে কেজিডিসিএল এর ব্যবস্থাপনা পরিচালক সভায় অংশগ্রহণকারী সকলকে উপস্থিত হয়ে মূল্যবান মতামত, পরামর্শ এবং সহযোগিতার আশ্বাস প্রদানের জন্য ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৯/২০২০

(প্রকৌ. খায়েজ আহম্মদ মজুমদার)
ব্যবস্থাপনা পরিচালক, চলতি দায়িত্ব